দৈনিক খবর

তারিখ 0 5 JAN 1989
পৃষ্ঠা 8 কলাম 4

05

# ইসলামী ভার্সিটি স্থানান্তরের প্রতিবাদ অব্যাহত

।। স্টাফ রিপোর্টার ।।

ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ার শান্তিডাঙ্গায় স্থানান্তরের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে গতকাল বুধবার বায়তুল মোকাররমে ইসলামী ছাত্র শিবির (শফিক-সালেহ) এক প্রতিবাদ সমাবেশ ও বিক্ষোভ মিছিলের আয়োজন করে। সমাবেশে বক্তব্য রাখেন শফিক উদ্দীন, আবদুল কাদির সালেহ ও জাহাঙ্গীর হোসাইন।

শিবির সভাপতি শফিক উদ্দীন বলেছেন, কুষ্টিয়ায় ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সরকারী সিদ্ধান্ত সম্পূর্ণ অযৌক্তিক, গণ-মানসের চেতনার পরিপন্থী এবং ইসলাম বিরোধীদের সাথে সরকারী ষড়যন্ত্রের সুস্পষ্ট প্রমাণ। অবিলম্বে এই সিদ্ধান্ত প্রত্যাহার না করলে গণ-আন্দোলনের মুখে সরকারী এ সিদ্ধান্ত প্রত্যাহারে বাধ্য হবে বলে তিনি জানান।

বিক্ষোভ মিছিলটি রাজপথ ঘুরে প্রেস ক্লাবে গিয়ে শেষ হয়।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের স্থানান্তরের প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের বিক্ষোভ অব্যাহত রয়েছে। স্থানান্তর প্রতিরোধ সংগ্রাম কমিটির আহবানে গতকালও ছাত্ররা ক্যাম্পাসে বিরাট বিক্ষোভ মিছিল বের করে এবং বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার পাদদেশে এক ছাত্র সমাবেশের আয়োজন করে। ছাত্রনেতা আঃ অদুদের সভাপতিত্বে উক্ত সমাবেশে বক্তব্য রাখেন ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর প্রতিরোধ সংগ্রাম কমিটির নেতা শাহজাহান আলম (সাজু), কাইউম খান, হাফিজুর রহমান, আঃ মোতালেব, আঃ আজিজ প্রমুখ। বক্তারা ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানান।

৭-এর পাতায় দেখুন

## ইসলামী ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের প্রতিবাদে স্থানীয় জনসাধারণের উদ্যোগে আজ বিশ্ববিদ্যালয় সংলগ্ন বোর্ড বাজারে এক গণ-জমায়েত অনুষ্ঠিত হয়। মাওলানা হাবিবুল্লাহ খান রহমানীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বক্তব্য রাখেন স্থানীয় ইউপি চেয়ারম্যান জনাব আবুল হাসেম, আলাউদ্দিন, আবদুল মান্নান, আলহাজ্ব সদর আলী, আবদুস সামাদ, আঃ হাকিম, জালাল উদ্দিন প্রমুখ। বক্তারা ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরকে গাজীপুরবাসীর উপর চরম আঘাত বলে উল্লেখ করে সরকারের এই সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানান।

ঢাকা আলীয়া মাদ্রাসা থেকে 'মাদ্রাসা আন্দোলন পরিষদ'-এর এক বিরাট বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি চানখারপুল, ফুলবাড়িয়া, গুলিস্তান জিরো পয়েন্ট, পল্টন হয়ে প্রেসক্লাবের সামনে প্রতিবাদ সভায় মিলিত হয়। সভায় বক্তব্য রাখেন বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের কেন্দ্রীয় আহবায়ক জনাব মুহাম্মদ আবুল কালাম আজাদ ও যুগ্ম আহবায়ক জনাব আ স ম আবুল ফাত্তাহ এবং আবদুস সবুর মাসুদ।

সংগঠনের চট্টগ্রাম মহানগরী শাখার উদ্যাগে অপর এক বিক্ষোভ মিছিল দারুল উলুম আলীয়া মাদ্রাসা থেকে বের হয়ে সিরাজউদ্দৌলা, আন্দরকিল্লা, লালদীঘি, কোর্ট বিল্ডিং হয়ে সংক্ষিপ্ত পথসভা করে মিছিলটি শেষ হয়। সভা শেষে ডিসি'র নিকট স্মারকলিপি পেশ করা হয়।

বাংলাদেশ ছাত্রলীগ (সু-র) ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি শাহজাহান আলম (সাজু) এবং সাধারণ সম্পাদক কাইউম খান এক যুক্ত বিবৃতিতে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সরকারী সিদ্ধান্তের তীব্র নিন্দা জানান।